



বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর BEGUM ROKEYA UNIVERSITY, RANGPUR



বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর BEGUM ROKEYA UNIVERSITY, RANGPUR

স্মারক নং- বেরোবি/রেজি/কর্মকর্তা নিয়োগ/বিজ্ঞপ্তি/২০১৯/৯৫৬

তারিখ ৩১ ভাদ্র, ১৪২৬ বঙ্গাব্দ
১৫ সেপ্টেম্বর ২০১৯ খ্রিস্টাব্দ

নিয়োগ বিজ্ঞপ্তি


বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর-এ নিম্নবর্ণিত শূন্য পদসমূহ পূরণের জন্য প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক. পদের বিবরণ:

ক্র নং	পদের নাম ও বেতন স্কেল	পদ সংখ্যা	বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল: ২০১৫ অনুযায়ী)
১	উপ-প্রধান প্রকৌশলী (পুনঃ নিয়োগ বিজ্ঞপ্তি)	১ (এক)	৪৩০০০-৬৯৮৫০/- গ্রেড-০৫ (পঞ্চম)
২	সহকারী কম্পিউটার প্রোগ্রামার	১ (এক)	২২০০০-৫৩০৬০/- গ্রেড-০৯ (নবম)
৩	ক্যাটালগার	১ (এক)	১৬০০০-৩৮৬৪০/- গ্রেড-১০ (দশম)

খ. আবেদন ফরম সংগ্রহ ও জমা:

১. বিশ্ববিদ্যালয় ছুটির দিন ব্যতীত অফিস চলাকালীন সকাল ১০:০০টা থেকে বিকাল ৪:০০টা পর্যন্ত বিজ্ঞাপিত পদের প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা, বয়স, অভিজ্ঞতা ও অন্যান্য শর্তাবলীর তথ্য এবং আবেদন ফরম প্রশাসনিক ভবনের রেজিস্ট্রার কার্যালয় হতে সংগ্রহ ও জমা দেয়া যাবে। বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট (www.bru.ac.bd) থেকেও আবেদন ফরম ও শর্তাবলীর তথ্য সংগ্রহ করা যাবে।
২. বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ফরমে প্রতিটি পদের জন্য ০৭ সেট আবেদন ফরম জমা দিতে হবে।
৩. আবেদন ফরমের প্রতি কপির সাথে অবশ্যই (ক) সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র ও নম্বরপত্রের অনুলিপি (খ) সদ্য তোলা ২ কপি পাসপোর্ট সাইজের রসিদ ছবি (গ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা/বিশ্ববিদ্যালয় শিক্ষক কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদের মূলকপি (ঘ) নাগরিকত্ব সনদপত্রের অনুলিপি (ঙ) জাতীয় পরিচয়পত্র/জন্মনিবন্ধন সনদের অনুলিপি (চ) অভিজ্ঞতা ও দক্ষতা সনদপত্রের অনুলিপি (নামাংকিত সিলসহ সত্যায়িত হতে হবে)। সাক্ষাৎকারের সময় সকল সনদপত্রের মূল কপি উপস্থাপন করতে হবে।
৪. প্রার্থীর যোগাযোগের বর্তমান ঠিকানা লিখিত ৭/- (সাত) টাকার ডাকটিকিট যুক্ত ১০x৪.৫ ইঞ্চি সাইজের একটি ফেরত খাম আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।
৫. আবেদন ফরমের সাথে অবশ্যই "রেজিস্ট্রার, বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর"-এর অনুকূলে জনতা ব্যাংকের যে কোন শাখা থেকে ৫০০/- (পাঁচশত) টাকার ব্যাংক ড্রাফট/সে-অর্ডার (অফেরতযোগ্য) জমা দিতে হবে।
৬. আবেদন কালে প্রার্থীকে অবশ্যই ডিগ্রিপ্রাপ্ত হতে হবে। পরীক্ষার ফল প্রকাশ না হলে আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।
৭. বিজ্ঞাপিত পদে নিয়োগের জন্য লিখিত পরীক্ষার মাধ্যমে শর্টলিস্ট তৈরি করে বাছাই বোর্ডের মাধ্যমে সাক্ষাৎকার গ্রহণ করা হবে।
৮. সরকার প্রবর্তিত কোটা পদ্ধতি অনুসরণ করা হবে।
৯. চাকরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
১০. অভ্যন্তরীণ প্রার্থীর ক্ষেত্রে বয়স ও অভিজ্ঞতা শিথিল যোগ্য।
১১. খামের উপর অবশ্যই পদের নাম বাম দিকে স্পষ্টাক্ষরে লিখতে হবে।
১২. ক্রটিযুক্ত, অসম্পূর্ণ এক কিলো প্রাপ্ত আবেদনপত্র গ্রহণ করা হবে না।
১৩. উপরে উল্লিখিত এক বা একাধিক শর্তপূরণ না হলে আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।
১৪. বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে আবেদনপত্র এবং এই নিয়োগ বিজ্ঞপ্তি সংশোধন, আংশিক বাতিল বা সম্পূর্ণ বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।
১৫. কোন ধরনের লিখিত বা মৌখিক তদবির প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে। নিয়োগ পাওয়ার পর কোন অনৈতিক পন্থা অবলম্বনের অভিযোগ প্রমাণিত হলে চাকরির যেকোন পর্যায়ে আইনানুগ ব্যবস্থা (চাকরিচ্যুতিসহ) গ্রহণ করা হবে।
১৬. আবেদন ফরম গ্রহণ ও জমা দেওয়ার শেষ তারিখ ও সময়: ০৬ অক্টোবর ২০১৯ বিকাল ০৪:০০টা। উক্ত তারিখের পর কোন আবেদন ফরম গ্রহণ করা হবে না।


রেজিস্ট্রার
বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর।